Roll No. | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

Signature of Invigilator

**Question Booklet Series** X

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 02**

# BENGALI

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

*পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী*

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ

(i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।

(ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।

(iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।

(iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D) । নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।

*উদাহরণ ঃ* (A) (B) ● (D) , যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

**১০. শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

**১১. কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

**১২. ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

## PAPER II

## (BENGALI)

**1.** য-ফলাযুক্ত ব্যঞ্জনধ্বনির সমীভবন ও সরলীকরণ

(A) প্রাচ্য-মধ্যার বৈশিষ্ট্য

(B) উত্তর-পশ্চিমার বৈশিষ্ট্য

(C) অর্ধমাগধীর বৈশিষ্ট্য

(D) দক্ষিণ-পশ্চিমার বৈশিষ্ট্য

**2.** 'মুড়ি' শব্দটির উৎস

(A) অস্ট্রিক

(B) দ্রাবিড়

(C) আরবি

(D) পোর্তুগিজ

**3.** 'খঞ্জ' শব্দটি যে প্রত্যয় যোগে সম্পন্ন

(A) ঞ

(B) ন

(C) জ

(D) ণ

**4.** "গোঠে হৈতে আসি আহ্মি বুঢ়ী গোআলিনী।"— 'হৈতে' হল

(A) উপসর্গ

(B) বিভক্তি

(C) ক্রিয়া

(D) অনুসর্গ

**5.** 'সম্ভ্রম' শব্দের মৌলিক অর্থ ভয় পাওয়া, এখন অর্থ মান্য করা। শব্দার্থ পরিবর্তনের প্রক্রিয়ায় এটি হল

(A) অর্থ সংশ্লেষ

(B) অর্থাবনতি

(C) অর্থের উন্নতি

(D) অর্থসংকোচ

**6.** "নি অ পরিবারে মহানেহে থাকিউ"— পদটির রচয়িতা

(A) বীণাপা

(B) ভুসুকুপা

(C) লুইপা

(D) কুক্কুরীপা

**7.** "উআরি উএসেঁ কাহ্ন ণিঅর জিনউর।"
'উআরি' শব্দের অর্থ

(A) দাবা খেলায় যিনি চাল বলে দেন

(B) যিনি উত্তর দেন

(C) যিনি উৎসব করেন

(D) যিনি নিজেকে উহ্য রাখেন

**8.** "পরাণ দিবাক পারোঁ তোহ্মাক বচনে।"
এই উক্তিটি

(A) রাধার

(B) বড়ায়ির

(C) কৃষ্ণের

(D) যোগমায়ার

**9.** "এবে মঙ্গল চাহীএঁা দেখিলোঁ বড়ায়ি"—
মঙ্গল চাওয়া হল

(A) চণ্ডীর পূজা দিয়ে

(B) ঘট স্থাপন করে

(C) তীর্থভ্রমণ করে

(D) পুষ্পাঞ্জলি দিয়ে

**10.** রূপ গোস্বামীর মতে কৃষ্ণপ্রেয়সীদের পর্যায় সংখ্যা

(A) এক

(B) দুই

(C) তিন

(D) চার

**11.** 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতে' যে নদীর তীরে চৈতন্যদেবের সঙ্গে রায় রামানন্দের সাক্ষাৎ হয়

(A) গোদাবরী

(B) কৃষ্ণা

(C) গঙ্গা

(D) যমুনা

**12.** ''বিহি কৈলা গোপ জাতি''— পদাংশটির প্রথম পংক্তি

(A) চাঁদমুখে বেণু দিয়া

(B) দাঁড়াইয়া নন্দের আগে

(C) শ্রীদাম সুদাম দাম

(D) ব্রজবাসীগণ কান্দে

**13.** '' লোহার মন্দির ঘর করিব গঠন।''— 'মনসামঙ্গল' কাব্যে এটি যার উক্তি

(A) চাঁদ বণিকের

(B) বিশ্বকর্মার

(C) ঘটকের

(D) সনকার

**14.** ''লিখিয়া দিবা মোরে পত্র একখানি''— 'পত্র' লিখেছিলেন যিনি

(A) মনসা

(B) সনকা

(C) চাঁদ সদাগর

(D) বেহুলা

**15.** 'মহুয়া' পালায় মহুয়ার জন্মস্থান যেখানে

(A) বামনকান্দা গ্রাম

(B) কাঞ্চনপুর গ্রাম

(C) আড়ালিয়া গ্রাম

(D) বিপ্রপুর গ্রাম

**16.** 'মৈমনসিংহ গীতিকা' নামে গ্রন্থ প্রথম প্রকাশিত হয় যে সালে

(A) ১৯২০

(B) ১৯২১

(C) ১৯২২

(D) ১৯২৩

**17.** ''বন পোড়ে দেখে জন গুপ্তে পোড়এ মন
জীবনে নাহিক প্রয়োজন।''
এই খেদ যার

(A) ধনপতির

(B) রম্ভাবতীর

(C) শ্রীমন্তর

(D) লহনার

**18.** ''গরীবের ভাগ্যে যদি শস্য হয় তাজা।
বাব কর্য়া সকল বেচিয়া লয় রাজা।।''
— 'বাব' শব্দটির অর্থ

(A) বার করা

(B) অতিরিক্ত আদায়

(C) ষড়যন্ত্র করা

(D) জুলুম করা

**19.** ''সারাদিন সর্ব্বকাল কর্ম্ম করি তবু''— উক্তিটি

(A) গৌরীর

(B) শিবের

(C) হালুয়া ভীমের

(D) পদ্মাবতীর

**20.** ''আমারে বন্দনা করি শিবেরে নিন্দিলা''—
বক্তার নাম

(A) ব্রহ্মা

(B) গৌরী

(C) জয়া

(D) বিষ্ণু

**21.** ''সোহাগী দিলেক নাম সোহাগ করিয়া''— নাম দিয়েছিলেন

(A) মাতা

(B) পিতা

(C) পিতামহ

(D) পিতামহী

**22.** ''অর্দ্ধ-অঙ্গ জায়গির মা গো, তবু শিবের ______ ভারি।'' শূন্যস্থানে যে শব্দ বসবে

(A) গরব

(B) ক্রোধ

(C) মাইনে

(D) চরণ

**23.** ''ভবের ভবন সুখ ______ ভবানী।''
শূন্যস্থানে যে শব্দ বসবে

(A) বলে

(B) ভণয়ে

(C) কথনে

(D) বচনে

**24.** হারীতের পুত্রের নাম

(A) হরিশ্চন্দ্র

(B) মান্ধাতা

(C) হরিবীজ

(D) কশ্যপ

**25.** ''হায়, সখি, কেমনে বর্ণিব সে কান্তার কান্তি আমি?'' 'কান্তার' শব্দটির অর্থ হল

(A) গহন অরণ্য

(B) অপূর্ব সুন্দর

(C) মৃগচর্ম

(D) স্তুতিগায়ক

**26.** ''কাঁদিবার তরে মানব জীবন,
যতদিন বাঁচি কাঁদিয়া যাই।''
যে কবিতার পংক্তি

(A) প্রণয়ে ব্যথা

(B) দিন চলে যায়

(C) সুখ

(D) সে কি?

**27.** ''দৃশ্যমাত্র সর্ব গাত্র প্রফুল্লিত হয়।'' — যে কবিতার অংশ

(A) পিঠা-পুলি

(B) তপসে মাছ

(C) আনারস

(D) বড়দিন

**28.** রবীন্দ্রনাথকে যে বিশেষণে অভিহিত করে কাজী নজরুল ইসলাম 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি উৎসর্গ করেছিলেন

(A) কবিগুরু

(B) কবিশেখর

(C) কবিবর

(D) বিশ্বকবিসম্রাট

**29.** ''পৃথিবীর রাঙা রাজকন্যাদের মতো সে'' যা নিয়ে দূরে চলে গেছে

(A) সুখ

(B) গান

(C) রূপ

(D) সুর

**30.** ''জঙ্গম সূর্যকে জানি আমাদের জঙ্গী প্রতিদিনে''
যে কবিতার অংশ

(A) ২৫ শে বৈশাখ

(B) ঘোড়সওয়ার

(C) জল দাও

(D) দামিনী

**31.** 'সুধীন্দ্রনাথ দত্তের কাব্যসংগ্রহ' গ্রন্থটি প্রথম প্রকাশের সময় সমকালীন অন্য যে কবি গ্রন্থটির বিশেষ তত্ত্বাবধায়ক ছিলেন

(A) অমিয় চক্রবর্তী

(B) প্রেমেন্দ্র মিত্র

(C) অচিন্ত্যকুমার সেনগুপ্ত

(D) বুদ্ধদেব বসু

**32.** ''সমাজের ঘুম নেই, শ্রুতি আছে দেওয়ালের কানে;
গোপন সুযোগ
নিতান্ত দুর্লভ তাই, উপভোগ
পরিণামচিন্তায় ব্যাহত।''
যে কবিতার অংশ

(A) যযাতি

(B) সংবর্ত

(C) অর্কেস্ট্রা

(D) শাশ্বতী

**33.** 'কাল মধুমাস' কবিতায় সুভাষ মুখোপাধ্যায় মহাভারতের যে চরিত্রকে 'তুচ্ছজ্ঞ' বলেছেন

(A) ভীষ্ম

(B) অর্জুন

(C) দ্রোণাচার্য

(D) দ্রৌপদী

**34.** ''আর সিঁড়িগুলো সব _______________।''
সুভাষ মুখোপাধ্যায়ের 'যেতে যেতে' কবিতার এই পংক্তির শূন্যস্থানে আছে

(A) যেন স্বর্গে উঠে গেছে

(B) শুকিয়ে কাঠ হয়ে গেছে

(C) ছুটতে ছুটতে চলে গেছে

(D) ধোঁয়ায় ধোঁয়াকার হয়ে গেছে

**35.** ''এখনো বরষা ______ মেঘের ফাঁকে।''
মেঘ যে রকম

(A) শ্রাবণ

(B) কোদালে

(C) গোধূলি

(D) ধূসর

**36.** ''সারারাত ধরে তার পাখা খসা শব্দ আসে কানে'' — যে কবিতার পংক্তি

(A) হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান

(B) অনন্ত কুয়ার জলে চাঁদ পড়ে আছে

(C) যেতে পারি, কিন্তু কেন যাবো

(D) আনন্দ ভৈরবী

**37.** 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থটি যাঁকে উৎসর্গ করা হয়েছে

(A) টেকচাঁদ ঠাকুর

(B) ভুবনচন্দ্র মুখোপাধ্যায়

(C) ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়

(D) মুলুকচাঁদ শর্মা

**38.** ''আমিও একজনকে আপনার প্রাণ অপেক্ষা ভালবাসিতাম।''— বক্তার নাম

(A) কুন্দনন্দিনী

(B) সূর্যমুখী

(C) হীরা

(D) কমলমণি

**39.** ''প্রত্যুত্তরে তিনি আমার হাতটা টানিয়া লইয়া রুদ্ধ জানালার প্রতি লক্ষ্য করিয়া চেঁচাইয়া উঠিলেন, যাবি নি তবে কি প্রাণটা দিবি?''
এরকম আচরণ করেছিলেন

(A) নিরুদিদি

(B) রাজলক্ষ্মী

(C) অন্নদাদিদি

(D) পিসিমা

**40.** 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে বিন্দুর স্বামীর নাম

(A) নন্দলাল

(B) নন্দদুলাল

(C) নন্দকিশোর

(D) নন্দরাম

**41.** ''একটা বাদুড় মারার ক্ষমতা নেই আর বাওয়ার উপর বন্দুক দেগে দিল।''— যে বন্দুক চালিয়েছিল

(A) অনিরুদ্ধ মোক্তার

(B) বিজনবাবু

(C) সামুয়র

(D) রতিয়া

**42.** ''জ্যেষ্ঠ দেবরায় ও কনিষ্ঠ কম্পনের সহিত তাঁহার আকৃতির সাদৃশ্য অল্প।'' যাঁর আকৃতির কথা বলা হয়েছে

(A) অনিরুদ্ধ

(B) অর্জুন

(C) লক্ষ্মণ মল্লপ

(D) বিজয়রায়

**43.** ''সন্ধ্যার পর মা'র সঙ্গে বিবাহ দেখিতে গিয়া অনন্ত বিস্ময়ে বিমূঢ় হইয়া গেল''—

যার বিবাহ হল

(A) কালোবরণ

(B) রামকেশব

(C) মুরলা

(D) শ্যামসুন্দর বেপারী

**44.** ''দশজন পরমেশ্বর, অনেক কাঁদছি, আর আমারে কাঁদাইও না।''— যার উক্তি

(A) অনন্তের বাবা

(B) বনমালীর বাবা

(C) তামসীর বাবা

(D) দয়াল চাঁদ

**45.** ''মোক্ষদা এ বাড়ির খোদ ঝি। গিন্নির পরের পদটাই তার।'' যে বাড়ির কথা বলা হয়েছে

(A) রামকালীর বাড়ি

(B) ভাবিনীর বাড়ি

(C) দত্ত বাড়ি

(D) সদুর বাড়ি

**46.** ''তালপাত কি রে? প্রশ্ন করে সে সত্যর দিকে তাকিয়ে।'' — যে প্রশ্ন করল

(A) পুণ্যবতী

(B) সুহাসিনী

(C) সৌদামিনী

(D) নিভাননী

**47.** 'বিবাহের বিজ্ঞাপন' গল্পের বিজ্ঞাপনের নীচের নামটি ছিল

(A) রাম অওতার

(B) লালা মুরলীধর লাল

(C) কাহ্নাইয়ালাল

(D) মহাদেওলাল

**48.** ''ছেলেবেলার ইতিহাস-পড়া ডিমোক্রেসীর স্বপ্নটা আজও তার চিন্তার পাকে পাকে জড়িয়ে আছে।''

যার কথা বলা হল সে

(A) অরাতিদমন

(B) মুখার্জী

(C) ঘোষাল

(D) গিবসন

**49.** ''সে গিয়ে দেখলে পাদরী পাগলের মত এলোমেলোভাবে ঘণ্টার দড়ি টানছেন।''

'মতিলাল পাদরী' গল্পে এই দৃশ্য যে দেখল তার নাম

(A) বীণা

(B) ফুলল

(C) যদু

(D) বদন

**50.** ''চরকান্দার এলেম সেখের মেয়ে ফুলবানুর'' বয়স হল

(A) কুড়ি-একুশ

(B) সতেরো-আঠারো

(C) ষোলো

(D) আঠারো-উনিশ

**51.** ''কদম্ব গাছটার বয়স আমার সমান।''
বিমল করের 'জননী' গল্পে গাছটি যেখান থেকে আনা হয়েছিল

(A) মথুরা
(B) বৃন্দাবন
(C) বেনারস
(D) গয়া

**52.** গবসন টোডি যে গল্পের চরিত্র

(A) বিরিঞ্চিবাবা
(B) লম্বকর্ণ
(C) উলটপুরাণ
(D) কচি সংসদ

**53.** 'কবিকুল-তিলক, ভক্তিরস-সাগর'— 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনে এ কথা যাঁর সম্পর্কে বলা হয়েছে

(A) কৃষ্ণদাস কবিরাজ
(B) গোবিন্দদাস
(C) জয়দেব
(D) রাধামোহন ঠাকুর

**54.** ''একটা ওল্ড ফুল ছিল বটে''— যার সম্বন্ধে বলা হয়েছে

(A) কালীনাথ
(B) কৃষ্ণপ্রসাদ
(C) গরাণহাটার প্যারী
(D) কর্তা

**55.** ''হায় বিধি, পাকা আম দাঁড়কাকে খায়।''
— উক্তিটি যার সম্পর্কে

(A) আমিরণ
(B) জিতু মোল্লা
(C) কৃষ্ণমণি
(D) নুরুন্নেহার

**56.** আবু মোল্লার জমি ছিল

(A) আট বিঘা
(B) দুই বিঘা
(C) দশ বিঘা
(D) চার বিঘা

**57.** ''রুষ্ট শিব তুষ্ট নাহি হবে''— সংলাপটি

(A) প্রবীরের
(B) নীলধ্বজের
(C) অগ্নির
(D) জনার

**58.** যশোবন্ত সিংহ অধিপতি ছিলেন

(A) বিকানীরের
(B) জয়পুরের
(C) মারওয়ারের
(D) যোধপুরের

**59.** ''যদি ধর্মসংগত হয়, নিশ্চয় করবো''— 'প্রথম পার্থ' নাটকে এই উক্তি যার

(A) প্রথম বৃদ্ধের
(B) কর্ণের
(C) দ্বিতীয় বৃদ্ধের
(D) কুন্তীর

**60.** ''বেণি। এটা থিয়েটার, রাগ লজ্জা ভয় তিন থাকতে নয়। যাও।'' যার প্রতি বলা হয়েছে—

(A) কামিনী
(B) অনুরাধা
(C) সাবিত্রী
(D) ময়না

**61.** 'বাকি ইতিহাস' নাটকে শরদিন্দু যে বিষয়ে প্রবন্ধ লিখছেন

(A) উপন্যাসে আধুনিকতা
(B) ছোটগল্পে আধুনিকতা
(C) নাট্যসাহিত্যে আধুনিকতা
(D) কাব্যসাহিত্যে আধুনিকতা

**62.** ''সূর্য এক বালকেরে রক্ষা করে গেছে''—
'চাঁদবণিকের পালা' নাটকে সূর্যের পরিচয়

(A) চন্দ্রধরের সহকারী
(B) লখিন্দরের বন্ধু
(C) রাজকর্মচারী
(D) বল্লভাচার্যের পুত্র

**63.** ''ছুটে যা ঝটিতি — কালো কুঁজাটায় যে জল রয়েছে? — ঘটি কর্যে ছুট্যে নিয়্যা আয় — ওইট্যা সুগন্ধি জল''— যার উক্তি

(A) সনকা
(B) লহনা
(C) সূয়া
(D) বেহুলা

**64.** ''যদিও এরূপ ________ করিয়া দাহ করা হারীতাদি বচনের দ্বারা প্রাপ্ত নহে তথাপি সঙ্কল্পের পর সহমরণ না করিলে পাপ হয় এবং লোকত নিন্দা আছে এ নিমিত্ত আমরা করিয়া থাকি।''

শূন্যস্থানে যে শব্দ বসবে

(A) অজ্ঞান
(B) বন্ধনাদি
(C) ঔষধপ্রদান
(D) নির্জীব

**65.** ''উচ্চশ্রেণীর কৃতবিদ্য লোকেরা, মূর্খ দরিদ্র লোকদিগের কোন দুঃখে দুঃখী নহেন। মূর্খ দরিদ্রেরা, ধনবান এবং কৃতবিদ্যদিগের কোন সুখে সুখী নহে।''

যে প্রবন্ধের অংশ

(A) মনুষ্যফল
(B) বড়বাজার
(C) বঙ্গদর্শনের পত্র-সূচনা
(D) বিদ্যাপতি ও জয়দেব

**66.** ''এই ________ নগরী যে ইউরোপী সভ্যতা-গঙ্গার গোমুখ।''

'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রবন্ধে যে নগরীর কথা বলা হয়েছে

(A) জেনিভা
(B) লন্ডন
(C) রোম
(D) পারী

**67.** ''মনোজগতে প্রচলিত পথ ক্রমে সংকীর্ণ হতে সংকীর্ণতর হয়ে শেষে চোরা-গলিতে পরিণত হয়, এবং মানুষের গতি আটকে দেয়''— প্রমথ চৌধুরী যে প্রবন্ধে এই কথা বলেছেন

(A) মলাট-সমালোচনা
(B) ভারতচন্দ্র
(C) সাধুভাষা বনাম চলিতভাষা
(D) বইপড়া

**68.** ''যে সমাজে ইচ্ছার প্রতিরোধ না থাকে তাহারা সেইরূপ নূতন সমাজ চাহে, তাহা পায় না বলিয়া ঘোরতর সমাজদ্বেষী হইয়া পড়ে।'' যে প্রবন্ধে উল্লিখিত —

(A) নূতন কথা গড়া
(B) বাঙ্গালা ভাষা
(C) বঙ্গীয় যুবক ও তিন কবি
(D) সৌন্দর্যতত্ত্ব

**69.** 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধে লেখকের বক্তব্য অনুসারে চোর খোঁজে

(A) সুন্দর চাবিকাঠি
(B) বিশ্রী চাবিকাঠি
(C) সন্ধি কাটবার সুন্দর সিঁদ
(D) ভক্তি ও শক্তিকে

**70.** ''ইন্দ্রিয়সকলের সাহায্যে এই উপায়ে সবাই পড়ে চলেছে শিশুশিক্ষা থেকে ________ পর্যন্ত, এর বেশী পড়া সাড়ে পনেরো আনা মানুষ দরকারই বোধ করে না সারা জীবনে।''

শূন্যস্থানে যে শব্দটি বসবে

(A) সহজপাঠ
(B) বোধোদয়
(C) বর্ণপরিচয়
(D) নীতিমালা

**71.** ''নজরুল ইসলাম নিজে জানেননি যে, তিনি নতুন যুগ এগিয়ে আনছেন। তাঁর রচনায় সামাজিক রাজনৈতিক বিদ্রোহ আছে, কিন্তু ___________ বিদ্রোহ নেই।''

শূন্যস্থানে যে শব্দটি বসবে

(A) অর্থনৈতিক

(B) সাংস্কৃতিক

(C) সাহিত্যিক

(D) মানসিক

**72.** ''বর্তমানকালের চলতি মিথ্যা যেমন আমাদের চোখে সহজে ধরা দেয় না, তেমনি অতীত যুগের সাহিত্যসাধনা যে-সত্য থেকে শক্তি সঞ্চয় করতো সে বিষয়েও সাম্প্রতিক সাহিত্যের প্রভাব আমাদের মনকে অনেকখানি অসাড় করে রাখে।''

যে প্রবন্ধে বলা হয়েছে

(A) সুন্দর ও বাস্তব

(B) অমঙ্গলবোধ ও আধুনিক কবিতা

(C) ভূমিকা : আধুনিক বাংলা কবিতা

(D) শ্রেয়োনীতি ও সাহিত্যনীতি

**73.** রাসসুন্দরীর নাকের বেশর ফিরে পেয়েছিলেন

(A) ৫০ বৎসর পর

(B) ৫২ বৎসর পর

(C) ৬০ বৎসর পর

(D) ৬৫ বৎসর পর

**74.** 'ফোর আর্টস ক্লাব'-এর সঙ্গে যে পত্রিকার যোগ ছিল—

(A) সবুজপত্র

(B) প্রবাসী

(C) ভারতী

(D) কল্লোল

**75.** অন্ধকার বনচ্ছায়ে সন্ধ্যাসূর্য যে নদীর তীরে অস্ত গেছে

(A) ভাগীরথী

(B) মন্দাকিনী

(C) সরস্বতী

(D) গোদাবরী

**76.** ''আধমরা তপস্বীর হাড় বের করা গলায় সে আপনার ___________ স্বয়ম্বরের মালা পরাতে চায় না।''— সন্দীপের কথায় এ মালা যে ফুলের

(A) ফাগুন ফুলের

(B) বসন্ত ফুলের

(C) শরৎ ফুলের

(D) কামিনী ফুলের

**77.** ''দিনের পর দিন পৃথিবীর বাসাভাড়া দিতে হয় নগদ মিটিয়ে।''

উদ্ধৃতিটি যে কবিতার অংশ

(A) কোমল গান্ধার

(B) শেষ দান

(C) পুকুর ধারে

(D) নূতন কাল

**78.** ''যুগে যুগে তারা গগনের পথে পথে
জীবনের বাণী দিয়েছিল আনি
অরণ্যে পর্বতে''— কবিতাটির নাম

(A) উদ্বোধন

(B) পক্ষীমানব

(C) জন্মদিন

(D) বুদ্ধভক্তি

**79.** ''গুরু উঁকি মারিয়া দেখিলেন, খাঁচার মধ্যে একটা ________।''

শূন্যস্থানে যে শব্দটি বসবে

(A) কাক

(B) চিল

(C) ময়না

(D) তোতা

**80.** ''গৃহিণী সচিবঃ সখী মিথঃ
প্রিয়শিষ্যা ললিতে কলাবিধৌ''—
কালিদাসের এই শ্লোকটি রবীন্দ্রনাথের যে গল্পে উদ্ধৃত

(A) স্ত্রীর পত্র

(B) হৈমন্তী

(C) নিশীথে

(D) ল্যাবরেটরি

**81.** 'ল্যাবরেটরি' গল্পের নন্দকিশোর যে পাড়ায় থাকতেন, সেটি হল—

(A) হালদার পাড়া
(B) সরকার পাড়া
(C) পাইক পাড়া
(D) শিকদার পাড়া

**82.** ''আমাকে মানবে না জানি, কিন্তু আমিই তোমাদের গুরু।'' উক্তিটি—

(A) মহাপঞ্চকের
(B) দাদাঠাকুরের
(C) উপাধ্যায়ের
(D) আচার্যের

**83.** ''তাঁর শুভ্র কেশ, শুভ্র বস্ত্র, শুভ্র উষ্ণীষ।''
যাঁর সম্পর্কে একথা বলা হয়েছে

(A) রণজিৎ
(B) বিশ্বজিৎ
(C) মন্ত্রী
(D) ধনঞ্জয়

**84.** 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধে একটি শিশুকন্যাকে দোল দিতে দিতে মায়ের চোখে জল আসে যে কারণে—

(A) দূরভবিষ্যৎবর্তী বিপদের সম্ভাবনায়
(B) দূরভবিষ্যৎবর্তী বিচ্ছেদ-সম্ভাবনায়
(C) দূরভবিষ্যৎবর্তী বিষাদের সম্ভাবনায়
(D) শারীরিক ক্লেশের ভাবনায়

**85.** ' মেঘদূত' প্রবন্ধে যে দু-জন বৈষ্ণব কবির পদের উল্লেখ আছে—

(A) জ্ঞানদাস ও বলরাম দাস
(B) চণ্ডীদাস ও বলরাম দাস
(C) চণ্ডীদাস ও জ্ঞানদাস
(D) গোবিন্দ ঘোষ ও বলরাম দাস

**86.** অপরূপকে যার দ্বারা ব্যক্ত করতে গেলে বচনের মধ্যে অনির্বচনীয়তাকে রক্ষা করতে হয়—

(A) রূপকের
(B) কথার
(C) রূপের
(D) ভঙ্গির

**87.** 'ভিক্টোরীয় যুগের প্রচলিত লোকধর্মের কবি' যিনি —

(A) কীটস
(B) শেলি
(C) ওয়ার্ডস্‌ওয়ার্থ
(D) টেনিসন

**88.** ''মন যাদের বুড়িয়ে গেছে তাদের মধ্যে বিশুদ্ধ স্বাভাবিকতার জোর নেই।''— উদ্ধৃতিটি 'সাহিত্যের পথে' গ্রন্থের যে প্রবন্ধের অন্তর্গত

(A) বাস্তব
(B) সাহিত্যে নবত্ব
(C) আধুনিক কাব্য
(D) তথ্য ও সত্য

**89.** ''মারাঠার যত পতঙ্গপাল কৃপাণ-অনলে আজ
ঝাঁপ দিয়া পড়ি ফিরেনাকো যেন গর্জিলা দুমরাজ।''
— যে অলংকারের উদাহরণ

(A) উপমা
(B) নিশ্চয়
(C) ভ্রান্তিমান
(D) অতিশয়োক্তি

**90.** ''দেবতা আশিস ছলে বরষে শিশির।''
— যে অলংকারের উদাহরণ

(A) উৎপ্রেক্ষা
(B) উপমা
(C) নিশ্চয়
(D) অপহ্নুতি

**91.** ''চন্দনের গন্ধজলে মুছাল মুখখানি
নয়নপাতে কাজল দিল আঁকি।
ওষ্ঠাধরে যতনে দিল রক্তরেখা টানি,
কবরী দিল করবীমালে ঢাকি।''
যে ছন্দের উদাহরণ—

(A) গদ্যছন্দ

(B) সরল কলাবৃত্ত

(C) দলবৃত্ত

(D) মিশ্র কলাবৃত্ত

**92.** সাধারণী নায়িকা হলেন

(A) সত্যভামা

(B) কুব্জা

(C) কুন্দলতা

(D) পদ্মা

**93.** হরিপ্রিয়া প্রকরণের তটস্থ হল

(A) বিপক্ষের সুহৃৎপক্ষ

(B) স্বপক্ষের সুহৃৎপক্ষ

(C) সুহৃৎপক্ষের বিপক্ষ

(D) উপরের কোনোটিই নয়

**94.** সহেতু মান ঘটতে পারে

(A) একটি কারণে

(B) দুটি কারণে

(C) তিনটি কারণে

(D) চারটি কারণে

**95.** রীতিবাদের প্রবক্তা হলেন

(A) দণ্ডী

(B) ভামহ

(C) বামন

(D) কুন্তক

**96.** অলংকারবাদীরা কাব্যসৃষ্টির মূলে উল্লেখ করেছেন

(A) একটি অলংকারের কথা

(B) দুটি অলংকারের কথা

(C) তিনটি অলংকারের কথা

(D) চারটি অলংকারের কথা

**97.** ধৃষ্ট নায়কের লক্ষণ হল

(A) ভয়ার্ত

(B) দাক্ষিণ্য

(C) মিথ্যাভাষণ

(D) প্রিয়ভাষণ

**98.** অ্যারিস্টটলের মতে ট্রাজেডি হল ঘটনার

(A) রূপান্তরণ

(B) নব সৃজন

(C) অনুকরণ

(D) অনুসরণ

**99.** অ্যারিস্টটল প্রধান 'Embellishment' বলতে চেয়েছেন—

(A) প্লটকে

(B) চরিত্রকে

(C) মননকে

(D) গানকে

**100.** ট্রাজেডির বহিরঙ্গ উপাদানের মধ্যে দুটি হল—

(A) ভাষা ও সংগীত

(B) কাহিনি ও চরিত্র

(C) চরিত্র ও অভিপ্রায়

(D) কাহিনি ও অভিপ্রায়

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**

**Space for Rough Work**